একজন সলিসিটার ব্যবহার করা সম্বন্ধে আপনার নির্দেশিকা

The Law Society

আমাদের মধ্যে বেশীরভাগ লোকেরই জীবনের কোন না কোন সময়ে আইন সংক্রান্ত উপদেশের দরকার হয়। এর মধ্যে সবচেয়ে বেশী হচ্ছে বাড়ি কেনা, বিবাহবিচ্ছেদ করা বা একটা উইল করা সম্পর্কিত বিষয়ে। কিন্তু তাছাড়াও, আপনি একজন সঙ্গীর সাথে বাস করা শুরু করতে গেলে, নিজের ব্যবসা শুরু করতে গেলে অথবা একজন বয়স্ক লোকের আর্থিক ব্যাপার গুছিয়ে দিতে চাইলে, আপনার হয়ত সাহায্য দরকার হবে।

আইন জটিল হতে পারে, কাজেই, আপনার পক্ষে যতটা সম্ভব ততটা ভাল উপদেশ পাওয়াটা গুরুত্বপূর্ণ। আইন এবং আপনার ওপর সেই আইনের কি প্রভাব পড়বে সে বিষয়ে সলিসিটাররা বিশেষজ্ঞ। কাজেই, আপনি নির্ভর করতে পারেন এরকম আইন সংক্রান্ত উপদেশের জন্য একজন সলিসিটারের সাথে যোগাযোগ করবেন।

একজন সলিসিটার পছন্দ করা

আমাদের হেল্পলাইন (সাহায্যের লাইন) অথবা ওয়েবসাইট ব্যবহার করে আপনার এলাকার সলিসিটারদের একটা তালিকা খুঁজে পাওয়া সহজ। 0870 606 2555 নম্বরে টেলিফোন করবেন অথবা খুঁজতে শুরু করার জন্য www.lawsociety.org.uk/findasolicitor ঠিকানায় যাবেন। কিন্তু আপনার কি ধরণের সার্ভিস দরকার তা ভাল করে ভেবে দেখবেন। যে বিষয়গুলি আপনার বিবেচনা করা উচিত শুধুমাত্র তার কয়েকটা এখানে দেওয়া হল:

কি ধরনের আইন সংক্রান্ত সাহায্য আমার দরকার?

একটা সলিসিটারের ফার্ম (প্রতিষ্ঠান) বিভিন্ন ধরনের আইন সংক্রান্ত বিষয়ে পরিষেবা (সার্ভিস) দিয়ে থাকেন, যদিও ক্রমশঃই সলিসিটাররা ব্যক্তিগতভাবে শুধুমাত্র একটা বা দু'টি বিষয়ে বিশেষজ্ঞ হচ্ছেন। সাধারণভাবে আপনি যে সলিসিটারের ফার্মকে ব্যবহার করেন, তারা যদি আপনার প্রয়োজনের বিষয়ে আপনাকে সাহায্য করতে না পারে, তাহলে তারা খুশী মনে আপনাকে অন্য একজন সলিসিটারের কাছে পাঠিয়ে দেবে। অথবা, আপনি চাইলে, আপনার হয়ে তারা বিশেষজ্ঞের উপদেশ নিতে পারে।

আমাকে সাহায্য করার মত যোগ্যতা যে তাদের আছে সে বিষয়ে আমি কি ভাবে নিশ্চিত হব?

বেসরকারীভাবে যে সব সলিসিটাররা প্র্যাক্টিস্ (পেশাদারী ব্যবসা) করছেন, তাদের সকলের অবশ্যই সলিসিটারস্ রেগুলেশন অথরিটীর দেওয়া প্র্যাক্টিস্ করার সার্টিফিকেট (শংসাপত্র) থাকতে হবে। সলিসিটারস্ রেগুলেশন অথরিটী হচ্ছে সেই নিরপেক্ষ নিয়ন্ত্রক (ল সোসাইটির দ্বারা প্রতিষ্ঠিত), যারা নিয়মকানুন ঠিক করে দেয় এবং সব সলিসিটারদের এই নিয়মগুলি অবশ্যই মেনে চলতে হয়। এই সার্টিফিকেটে প্রতিশ্রুতি দেওয়া হয় যে সেই সলিসিটার প্র্যাক্টিস্ করার যোগ্য এবং কোন গোলমাল হলে আপনার নিরাপত্তার জন্য তার বীমা রয়েছে। আপনি নিশ্চিত হতে চাইলে, এই সার্টিফিকেটটা দেখতে চাইবেন (এটা আপনার সলিসিটারের অফিসে প্রদর্শিত থাকা উচিত) অথবা যাচাই করে দেখার জন্য 0870 606 2555 নম্বরে সলিসিটারস্ রেগুলেশন অথরিটীকে টেলিফোন করবেন।

আপনি আপনার সলিসিটারকে এটাও জিজ্ঞাসা করে দেখতে পারেন যে কাজ করার ভাল পদ্ধতি থাকার প্রমাণ হিসাবে সেই ফার্মটি, মানের জন্য কোনরকম পুরস্কার পেয়েছে কিনা। যদি সেই ফার্মটি তাদের মানের জন্য আমাদের 'লেক্সেল' (Lexcel) মানের পুরস্কারটি পেয়ে থাকে, তাহলে আমরা বলে দিতে পারব যে সেটা সত্যি কিনা (আপনি lexcel@lawsociety.org.uk ঠিকানায় আমাদের ইমেইল করতে পারেন অথবা 020 7320 5933 নম্বরে টেলিফোন করতে পারেন)।

ব্যক্তিগতভাবে সলিসিটাররা হয়ত সলিসিটারস্ রেগুলেশন অথরিটী পরিচালিত আইনের বিভিন্ন বিষয় সংক্রান্ত 'কোয়ালিটি-এ্যাশিওরড্ এ্যাক্রেডিটেশন স্কীমের' (মান নিশ্চিত থাকার স্বীকৃতি দেওয়ার কার্যক্রমের) সদস্যও হতে পারেন। এই কার্যক্রমগুলির কোন একটাতে যোগদান করতে হলে, সলিসিটারদের অবশ্যই দেখাতে হবে যে বিশেষজ্ঞ হিসাবে তাদের বিশেষ জ্ঞান এবং বেশ ভালরকম দক্ষতা রয়েছে। আপনার এলাকার সলিসিটারদের মধ্যে কারা এই কার্যক্রমগুলির কোন একটার সদস্য, সেই তথ্য আপনি www.lawsociety.org.uk ঠিকানায় আমাদের ওয়েবসাইটের 'Find a Solicitor' (ফাইন্ড এ সলিসিটার) এলাকাটা দেখলে পাবেন। এই ওয়েবসাইটে আপনি নির্দিষ্ট কার্যক্রমগুলির বিষয়ে আরও বিস্তারিত তথ্য পাবেন।

এই ফার্মটা কোথায় অবস্থিত

একটা ফার্ম কোথায় অবস্থিত সেটা একটা সুবিধা অসুবিধার বিষয়, বিশেষ করে বয়স্ক, অসুস্থ অথবা প্রতিবন্ধী লোকদের ক্ষেত্রে। আপনি যেখানে বাস করেন তার কাছাকাছি কোন ফার্ম কি আপনার ব্যবহার করা দরকার? যদি তাই হয়, তাহলে আপনার খোঁজার এলাকার আয়তন কমে যাবে। কোন কোন সলিসিটার খুশী মনে আপনার বাড়িতে গিয়ে আপনার সাথে দেখা করতে রাজী থাকবেন। কাজেই আপনার যদি যাতায়াত করার অসুবিধা থাকে, তাহলে এটা জিজ্ঞাসা করলে লাভ হতে পারে।

তারা কি লীগাল এইড-এর কাজ করেন?

আপনার যদি আয় কম হয় অথবা আপনি যদি বেনিফিট পেয়ে থাকেন, তাহলে আপনি হয়ত লীগাল এইড পেতে পারেন। আপনার সবচেয়ে কাছের সিটিজেনস্ এ্যাড্‌ভাইস ব্যুরো অথবা ল সেন্টারের সাথে যোগাযোগ করে আপনি এটা জানতে পারবেন। যেহেতু কিছু সলিসিটারের ফার্ম লীগাল এইডের কাজ করে এবং কিছু ফার্ম তা করে না, সেইজন্য, আপনি এই ধরনের আর্থিক সাহায্য পাওয়ার যোগ্য হলে, যেসব ফার্ম এই জাতীয় কাজ করে সেইরকম ফার্মের মধ্যে আপনার খোঁজাটা সীমাবদ্ধ রাখতে হবে। যেসব সলিসিটাররা লীগাল এইডের কাজ করেন, তাদের সম্বন্ধে তথ্য আপনি www.clsdirect.org.uk ঠিকানায় কমিউনিটি লীগাল সার্ভিসের ওয়েবসাইটে পাবেন।

লীগাল সার্ভিসেস্ কমিশন, লীগাল এইড-এর নিয়ন্ত্রণ করে এবং যেসব সলিসিটারের ফার্ম লীগাল এইডের কাজ করে, তাদের সকলেই যাতে উঁচু মানের সার্ভিস দেয়, তা নিশ্চিত করে।

তারা কি কন্ডিশনাল (শর্ত সাপেক্ষ) ফী-এর ভিত্তিতে কাজ করেন?

ব্যক্তিগত আঘাত সমেত কিছু ধরণের মামলার জন্য আপনার সলিসিটার হয়ত কন্ডিশনাল ফী-এর ভিত্তিতে কাজ করতে রাজী হতে পারেন। এটাকে সাধারণতঃ 'নো উইন নো ফী'-এর (না জিতলে কোন ফী না দেওয়ার) ব্যবস্থা বলা হয়। আপনি যদি মামলাটা জেতেন, তাহলে আপনার সলিসিটারের ফী সাধারণতঃ অন্য পক্ষ দিয়ে দেবে। আপনি হেরে গেলে, আপনাকে আপনার সলিসিটারের ফী দিতে হবে না। যদি আপনি হেরে যান তাহলে অন্য পক্ষের খরচ দেওয়ার জন্য আপনাকে হয়ত একটা বীমা নিতে বলা হবে। বহু ধরনের কন্ডিশনাল ফী-এর ব্যবস্থা আছে, কিন্তু সব সলিসিটারের ফার্ম এই ভিত্তিতে মামলা নেয় না।

তারা কি সহানুভূতিশীল হবেন?

একটা সম্পর্ক ভেঙ্গে যাওয়ার মত কোন ব্যক্তিগত ব্যাপারে আপনার যদি সলিসিটারের সাথে দেখা করার দরকার হয়, তাহলে আপনি এমন একজনকে পছন্দ করতে চাইবেন যার কাছে আপনি স্বস্তি বোধ করেন। আপনি খুব দুঃখে বা দুর্দশার মধ্যে থাকলে বেশীরভাগ সলিসিটারই সহানুভূতিশীল হবেন এবং আপনার অবস্থার কথা বুঝতে পারবেন। কিন্তু আপনি হয়ত আপনার নিজের লিঙ্গের কারুর সাথে কাজ করতে চাইতে পারেন। আপনি যদি এটা চান, তাহলে তা বলতে ভয় পাবেন না।

তারা কি আমার ভাষা বলতে পারবেন?

ইংরেজী যদি আপনার মাতৃভাষা না হয়, তাহলে সলিসিটার খোঁজার চেষ্টা করার সময় তা আপনার বলা উচিত। যথেষ্ট আগে থেকে তাদের জানানো হলে, একটা ফার্ম আপনার সাথের মীটিংগুলিতে একজন দোভাষীর উপস্থিত থাকার ব্যবস্থা করতে পারবে।

এ্যাপয়েন্টমেন্ট (দেখা করার সময় ও তারিখ ঠিক) করা

একটা উপযুক্ত ফার্ম খুঁজে পাওয়ার পরে, আপনার একটা এ্যাপয়েন্টমেন্ট করা দরকার। আপনার সাথে কাউকে নিয়ে যাওয়ার দরকার হলে তা তাদের জানাবেন এবং কোন কাগজপত্র আপনাকে নিয়ে যেতে হবে কিনা তা জিজ্ঞাসা করবেন, যেমন আপনার পরিচয়ের অথবা আয়ের প্রমাণ।

তৈরী থাকবেন

মীটিংয়ের আগে যত বেশীরকম তৈরী হবেন, তত বেশী আপনার উপকার হবে। যেসব প্রধান বিষয়গুলি সম্বন্ধে আপনি কথা বলতে চান বা যে সব প্রশ্নগুলি আপনি জিজ্ঞাসা করতে চান, সেগুলির একটা তালিকা তৈরী করবেন। প্রাসঙ্গিক সব কাগজপত্রগুলি একসাথে করে সেগুলিকে এমনভাবে গুছিয়ে নেবেন যাতে তাড়াতাড়ি আপনি সেগুলি দেখতে পারেন। এর ফলে, আপনার পরিস্থিতি আপনার সলিসিটার তাড়াতাড়ি ও সহজে বুঝতে পারবেন এবং আপনাকে ঠিকমত উপদেশ দিতে পারবেন।

একজন সলিসিটার ব্যবহার করা সম্বন্ধে আপনার নির্দেশিকা

The Law Society

মীটিংয়ে

আগে থেকে জেনে নেবেন যে মীটিংটা কতক্ষণ চলবে, যাতে হঠাৎ আপনি না দেখেন যে 'সময় ফুরিয়ে গেছে' এবং আপনার সব বিষয়গুলি সম্বন্ধে কথা বলা হয়নি। আপনার তালিকাটা আপনার সামনে রাখবেন এবং এক একটা বিষয়ে কথা হয়ে যাওয়ার পরে সেটাতে টিক্ চিহ্ন দেবেন। এমন যদি কিছু বলা হয় যেটা আপনি বুঝতে পারেননি, তাহলে জিজ্ঞাসা করতে ভয় পাবেন না।

সবশেষে আপনি সলিসিটারকে অনুরোধ করবেন যে মীটিংয়ের পরে আপনাকে দেওয়া উপদেশগুলির একটা সংক্ষিপ্তসার এবং নিচের বিষয়গুলি নিশ্চিতভাবে জানিয়ে তিনি যেন আপনাকে একটা চিঠি লেখেন।

- তিনি আপনার হয়ে কাজ করতে রাজী হয়েছেন।
- যিনি আপনার হয়ে দৈনন্দিনের কাজকর্ম করবেন তার নাম।
- আপনার ব্যাপারটা সম্পূর্ণ করতে এই ফার্মের কতদিন সময় লাগবে।
- কত খরচ হবে তার আন্দাজ এবং একমত হওয়া খরচের সীমার পরিমাণ।
- আরও যা যা তথ্য আপনাকে সরবরাহ করতে হবে।

সলিসিটারের খরচ (চার্জ)

অন্যান্য সব জিনিষ কেনার মত, আইন সংক্রান্ত উপদেশের জন্য পয়সা খরচ করতে হয়, কিন্তু এর মূল্য অনেক হতে পারে। বিভিন্ন সলিসিটারদের মধ্যে চার্জের তফাৎ হতে পারে এবং সলিসিটারের দক্ষতা ও অভিজ্ঞতা, ও বিষয়টির জটিলতার ওপর খরচটা নির্ভর করবে।

কোন ফার্মকে ব্যবহার করবেন তা ঠিক করার আগে আপনি হয়ত বিভিন্ন ফার্মের 'খরচ যাচাই করে নিতে চাইবেন'। কোন্ ধরণের সলিসিটারের সাথে আপনার কথা বলা দরকার তা ঠিক করে নেবেন এবং কয়েকটি ফার্মের কাছ থেকে খরচের পরিমাণ জেনে নেবেন। অনেক সলিসিটারই অল্প সময়ের প্রথম সাক্ষাৎকারের জন্য খুব কম টাকা নেন অথবা কোন টাকাই নেন না। কাজেই, এটা জিজ্ঞাসা করা ভাল।

তবে শুধু খরচটাই আপনার একমাত্র বিবেচনার বিষয় নয়। সবচেয়ে বেশী করে, আপনি যার কাছে স্বস্তি পান এবং যার উপদেশ আপনি বুঝতে পারবেন, এরকম একজন সলিসিটার খুঁজে বার করার চেষ্টা করবেন।

বাঁধাধরা খরচ অথবা ঘন্টা প্রতি হার?

একটা কাজের জন্য সলিসিটাররা সবসময় একটা বাঁধাধরা পরিমাণ চার্জ করেন না। বেশীরভাগ সময়ই, খরচের হিসাব ঘন্টা প্রতি হারে করা হয়, কাজেই সময় যত বেশী লাগবে, খরচও তত বেশী হবে। খরচের একটা আন্দাজ আপনাকে একজন সলিসিটারের অবশ্যই দিতে হবে, সাধারণতঃ প্রথম সাক্ষাৎকারের সময়েই।

ঘন্টা প্রতি হার যদি আপনাকে জানানো হয়, তাহলে আপনি আগে থেকেই হয়ত খরচের একটা সীমা বেঁধে দিতে চাইবেন। যদি তার থেকে বেশী খরচ হওয়ার সম্ভাবনা দেখা যায়, তাহলে আপনাকে সাবধান করে দেওয়ার জন্য আপনার সলিসিটার আপনার সাথে যোগাযোগ করবেন এবং কাজ চালিয়ে যাওয়ার জন্য আপনার সম্মতি নেবেন।

যোগাযোগ রাখা

একজন সলিসিটারকে নিয়োগ করার পরে, আপনি কি ভাবে এগোতে চান তা জেনে নেওয়ার জন্য, প্রতিটি গুরুত্বপূর্ণ ধাপে আপনার সাথে তার পরামর্শ করতে হবে। একই ভাবে, এই মামলার ওপর প্রভাব পড়তে পারে এরকম কোন পরিবর্তন আপনার পরিস্থিতিতে হলে, আপনার সলিসিটারকে আপনার তা জানানো প্রয়োজন। আপনার লীগাল এইড পাওয়ার যোগ্যতা বদলাতে পারে সেরকম কোন আর্থিক পরিস্থিতির পরিবর্তন এর মধ্যে পড়বে।

আরও তথ্য

সবচেয়ে বেশী যে সব ধরণের আইন সংক্রান্ত পরিষেবা (সার্ভিস) সলিসিটাররা দিয়ে থাকেন, সে বিষয়ে একগুচ্ছ প্রচারপত্রের (লিফলেটের) মধ্যে এটা হচ্ছে একটা। এই শ্রেণীর অন্যান্য প্রচারপত্রগুলির নাম নিচে দেওয়া হয়েছে। আপনার সলিসিটারের কাছ থেকে অথবা 0870 3333 084 নম্বরে ল সোসাইটিকে টেলিফোন করে এগুলি আপনি পেতে পারেন।

- আপনার সম্পত্তি ভাড়া দেওয়া সম্বন্ধে আপনার নির্দেশিকা
- একটা বসতবাড়ি কেনা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- একটা বসতবাড়ি ভাড়া নেওয়া সম্বন্ধে আপনার নির্দেশিকা
- একটা উইল করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- বিবাহ-বিচ্ছেদ করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- কাজের জায়গার সমস্যা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- ব্যবসা শুরু করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- ব্যক্তিগত আঘাতের জন্য ক্ষতিপূরণ দাবি করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- বয়স্ক ব্যক্তিদের অর্থ সংক্রান্ত বিষয়ে আপনার নির্দেশিকা
- আপনার সঙ্গীর সাথে বসবাস করতে শুরু করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- প্রোবেট সম্বন্ধে আপনার নির্দেশিকা
- এ্যাসাইলাম (আশ্রয়) প্রার্থনা করা সম্বন্ধে আপনার নির্দেশিকা

আপনি এই প্রচারপত্রটি বড় ছাপায়, ব্রেইল-এ, কানে শোনার টেপ-এ এবং সিডিতে পেতে পারেন। আপনার যদি এই সংস্করণগুলির কোনটা দরকার হয়, তাহলে দয়া করে accessibility@lawsociety.org.uk ঠিকানায় ইমেইলে আমাদের সাথে যোগাযোগ করবেন অথবা 0870 606 2555 নম্বরে টেলিফোন করবেন।

এই প্রচারপত্রটি আপনি বিভিন্ন ভাষায়ও পেতে পারেন। www.lawsociety.org.uk ঠিকানায় আমাদের ওয়েবসাইটে গেলে আপনি এগুলি পাবেন।

Lexcel

Look for Lexcel - the mark of excellence

যদিও আমরা সঠিক তথ্য দেওয়ার জন্য যথাসাধ্য চেষ্টা করেছি, সবসময়ই আইনের পরিবর্তন হয় এবং তার প্রভাব বিভিন্ন লোকের ওপর বিভিন্নভাবে পড়ে। আপনার সম্বন্ধে ব্যক্তিগতভাবে আপনাকে বিশেষ উপদেশ দেওয়ার বিকল্প এই প্রচারপত্রটি (লিফলেটটি) নয় এবং আপনি এই প্রচারপত্রটির ওপর নির্ভর করলে, আপনার কাছে আমরা দায়ী হব না।

Designed by dmlmarketing.co.uk Version 2, 2007 Your guide to using a solicitor - Bengali